পাশে প্রশাসন

পুরুলিয়া: সম্প্রতি পুরুলিয়া জেলার নানা প্রান্তে বজ্রাঘাতে মৃত্যু হয়েছিল তিন জনের। বুধবার তাঁদের পরিবারের হাতে ক্ষতিপূরণের চার লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়। তিন জায়গায় ছিলেন সংশ্লিষ্ট এলাকার মহকুমাশাসক, বিধায়ক প্রমুখ। পুরুলিয়া ২ ব্লকের হুটমুড়া গ্রামে বজ্রপাতে মৃত শেখ রহমতুল্লার বাড়িতে গিয়ে আর্থিক সহায়তা করেন পুরুলিয়া (সদর)-র মহকুমাশাসক উৎপলকুমার ঘোষ, পুরুলিয়ার বিধায়ক সুদীপ মুখোপাধ্যায়। সাঁতুড়ি ব্লকের কুঁকুরিকায়ি গ্রামে মৃত চৈতন ধীবরের বাড়িতে গিয়েছিলেন রঘুনাথপুরের মহকুমাশাসক মিঠুন বিশ্বাস, রঘুনাথপুরের বিধায়ক মামনি বাউরি প্রমুখ। বাদোয়ানের বিধায়ক লবসেন বাস্কে ও মানবাজারের মহকুমাশাসক মানভার হোসেন আঞ্জুম যান বজ্রাঘাতে মৃত বরাবাজার ব্লকের পলমা গ্রামের নিমাই গরাইয়ের বাড়িতে।

বিদ্যুৎ চুরি

নিতুড়িয়া: বিদ্যুৎ চুরির ঘটনায় অভিযোগ দায়ের করল রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থা। সম্প্রতি নিতুড়িয়া থানার সরবড়ি মোড়, পারবেলিয়া, রানিপুর ও কিয়াকানালি গ্রামে অভিযান চালান সংস্থার আধিকারিক ও কর্মীরা। অভিযোগ, ওই গ্রামগুলির পাঁচটি বাড়িতে বসবাসকারী ব্যক্তিরা বিদ্যুৎ চুরি করছেন বলে দেখা গিয়েছে। তারপরেই নিতুড়িয়া থানায় তাঁদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করা হয়। পুলিশ নির্দিষ্ট ধারায় মামলা রুজু করেছে।

শরবত বিলি

মানবাজার: গরমে পথচারীদের স্বস্তি দিতে মানবাজারের ডাকঘর মোড়ে বিনামূল্যে দইয়ের শরবত দেওয়া শুরু হয়েছে। আয়োজকদের অন্যতম অমিতাভ মিশ্র জানান, গুজরাতের একটি ধর্মীয় সংস্থার আর্থিক সহায়তায় এক মাস ধরে পথচারীদের শরবত দেওয়া হবে। গত বছরও এই কর্মসূচি হয়েছিল।

■ (উপরে) দাবদাহ থেকে বাঁচতে। বিষ্ণুপুরের গোঁসাইপুর গ্রামে। (নীচে) গরমে গলছে বিষ্ণুপুর-আরামবাগ রাজ্য সড়কের পিচ। বাঁকুড়ার জয়পুর ব্লকের মোলকারি গ্রামের কাছে। বৃহস্পতিবার। *নিজস্ব চিত্র*

ভাঙচুরের নালিশ

নিতুড়িয়া: তাপবিদ্যুৎ কেন্দ্রের ছাই বহনকারী গাড়ি ভাঙচুর ও চালককে মারধরের অভিযোগ উঠল রঘুনাথপুরে। এ নিয়ে বুধবার থানায় লিখিত অভিযোগ করেছে সংশ্লিষ্ট সংস্থা। তাদের দাবি, ডিভিসির রঘুনাথপুর তাপবিদ্যুৎ কেন্দ্রের ছাই বিভিন্ন জায়গায় সরবরাহ করে তাদের সংস্থা। মঙ্গলবার বিকেলে নিতুড়িয়া থানার নাড়াগোড়িয়া গ্রামের অদূরে দাঁড়িয়েছিল তাদের ছাই বহনকারী গাড়িগুলি। অভিযোগ, সেই সময়েই স্থানীয় কয়েক জন গাড়িগুলিতে ভাঙচুর চালায়। মারধরে জখম হন এক চালক। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে পুলিশ।

বালি আটক

বাঘমুণ্ডি: বালি বোঝাই একটি ট্রাক্টর আটক করল পুলিশ। বুধবার বাঘমুণ্ডি বাজারের কররস্থানের কাছে গাড়িটি ধরা হয় বলে দাবি পুলিশের। তবে চালক চম্পট দিয়েছে। ট্রাক্টরের চালক ও মালিকের বিরুদ্ধে মামলা রুজু করেছে পুলিশ।

অঙ্গনওয়াড়ির ভবন দখলমুক্ত করল বিজেপি

নিজস্ব সংবাদদাতা

কাশীপুর

অঙ্গনওয়াড়ি কেন্দ্রের নির্মীয়মাণ ভবন দখলমুক্ত করলেন বিজেপি নেতাকর্মীরা। বৃহস্পতিবার কাশীপুর ব্লকের মণিপুর গ্রামে ঘটনাটি ঘটে। স্থানীয় বিজেপির নেতৃত্বের দাবি, তৃণমূলের শাসনকালে ওই ভবন দখল করে ধান-সহ নানা সামগ্রী রাখা হয়েছিল। যদিও অভিযোগ মানেনি তৃণমূল।সরকারি জায়গায় অবৈধ দখলদারির প্রমাণ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছে প্রশাসন।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মনিপুরে দু'টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে। একটি স্থানীয় প্রাথমিক স্কুলে, অন্যটি একটি বাড়িতে চলে। দু'টি কেন্দ্রের উপযোক্তা অন্তত ৭০ জন শিশু। বছর কয়েক আগে কেন্দ্র দু'টির জন্য দুই কক্ষের একটি ভবন নির্মাণের কাজ শুরু হয় এলাকায়। বিজেপির অভিযোগ, সেই ভবন তৈরি হওয়ার আগেই তা দখল করে ধান ও অন্য সামগ্রী রাখা হচ্ছিল তৃণমূলের স্থানীয় প্রভাবশালী নেতাদের মদতে।

এলাকার মণ্ডল বিজেপির সভাপতি কৃষ্ণ হালদার দাবি করেন, "তৃণমূলের প্রভাবশালীরা ওই ভবন নিজস্ব সম্পত্তি হিসেবে ব্যবহার করছিলেন। বিষয়টি আমরা ব্লক প্রশাসনকে জানিয়েছিলাম।" স্থানীয় বড়রা পঞ্চায়েতের বিজেপি সদস্য সুদেব গোস্বামী বলেন, "কিছুতেই কোনও কাজ না হওয়ায় এ দিন আমাদের নেতাকর্মীরা গিয়ে ওই ভবনের ভিতরে থাকা জিনিসপত্র বার করে দখলমুক্ত করেন।"

তবে দখলদারির অভিযোগ অস্বীকার করেছেন এলাকার তৃণমূল নেতা তথা কাশীপুর পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মাধ্যক্ষ জয়ন্ত রাউত। তিনি বলেন, "অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতর ও ১০০ দিনের কাজের প্রকল্পে যৌথ ভাবে একাধিক অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভবন তৈরির কাজ শুরু হয়েছিল। ৮০ শতাংশ কাজ হয়েও গিয়েছিল। তবে কয়েক বছর আগে ১০০ দিনের কাজের প্রকল্পের আর্থিক বরাদ্দ বন্ধ হওয়ায় কাজগুলি থমকে যায়।" তাঁর দাবি, নির্মাণকারী সংস্থা প্রশাসনকে ভবন হস্তান্তর করেনি। এত দিন নির্মীয়মাণ ভবনের দায়িত্ব ছিল ওই সংস্থার হাতেই। তাঁদের গাফিলতিতে কেউ সেখানে ঢুকলে সেই দায় তৃণমূলের নয়।

প্রশাসনের তরফে স্পষ্ট জানানো হয়েছে, সরকারি সম্পত্তি দখলের চেষ্টা কোনও ভাবেই বরদাস্ত করা হবে না।

■ এই ভবনই দখল করা হয়েছিল বলে অভিযোগ। *নিজস্ব চিত্র*

পশ্চিমবঙ্গ সরকার

দ্বিতীয় বিজ্ঞাপন

কৃষি বিভাগ

"ডাল উৎপাদনে আত্মনির্ভরতা অর্জন মিশন" - এর অধীনে রাজ্যে ২০২৬-২৭ সালে ৮টি ভরতকিযুক্ত ডাল প্রক্রিয়াকরণ/প্যাকেজিং ইউনিট (ডাল মিল) প্রতিষ্ঠিত হবে।

FPOs /PACs/CLFs/ ব্যক্তি/ অন্য যে কোনও নিবন্ধিত সংস্থা থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই বিজ্ঞাপন প্রকাশের ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট জেলার উপ কৃষি-অধিকর্তা (প্রশাসন) - এর অফিসে সুবিধাভোগী নির্বাচন এবং চূড়ান্ত করার জন্য আবেদন জমা দেওয়া যাবে।

জেলার নাম:

ক্রমিক সংখ্যা	জেলার নাম	প্রস্তাবিত প্রক্রিয়াকরণ ইউনিটের সংখ্যা (নম্বর)
১	উত্তর দিনাজপুর	১
২	মালদা	১
৩	মুর্শিদাবাদ	১
৪	নদিয়া	১
৫	পূর্ব মেদিনীপুর	১
৬	পশ্চিম মেদিনীপুর	১
৭	পূর্ব বর্ধমান	১
৮	উত্তর ২৪ পরগনা	১
	মোট	৮

আগ্রহী আবেদনকারীরা বিশদ নির্দেশিকা এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যের জন্য নিকটস্থ ব্লক/জেলা/রাজ্য কৃষি অফিসে যোগাযোগ করতে পারেন বা মাটির কথা ওয়েবসাইট (www.matirkatha.wb.gov.in) -এর সাহায্য নিতে পারেন।

কৃষি - অধিকর্তা
পশ্চিমবঙ্গ সরকার

ICA- N 143(2)/2026

ADMISSION OPEN IN DIPLOMA & ITI COURSES

LUTHFA — DIPLOMA — ITI — LPITI — Beyond Degrees, into Innovation

LUTHFAA POLYTECHNIC INSTITUTE
(An ISO 9001 : 2015 Certified Polytechnic Institute)(Approved by A.I.C.T.E. & Affiliated to W.B.S.C.T. & V.E. & S.D.)

3 YEARS DIPLOMA / DMLT — MINING, CIVIL, ELECTRICAL, MECHANICAL, COMPUTER SC. / MEDICAL LABORATORY TECHNOLOGY — Eligibility - Passed 10th standard examination

2 YEARS DIPLOMA / DMLT — MINING, CIVIL, ELECTRICAL, MECHANICAL, COMPUTER SC. / MEDICAL LABORATORY TECHNOLOGY — Eligibility - Passed H.S. (Science) with Biology, Physics & Chemistry or ITI

LUTHFA PVT. INDUSTRIAL TRAINING INSTITUTE
(An ISO 9001 : 2015 Certified Industrial Training Institute)(Affiliated to N.C.V.T. New Delhi & Accredited by Quality Council of India)

ITI TRADES — FITTER, ELECTRICIAN & WELDER — Eligibility - Passed 10th standard exam for 2 years trades & passed 8th standard exam for 1 years trade

MERIT SCHOLARSHIP
For Diploma 1st year Admission - 1st 50 students with 50% marks in Madhyamik will get 25% discount.
For Diploma Lateral Admission - Civil, CST & DMLT will also get 30% discount.

PLACEMENT HIGHLIGHTS

ONLINE ADMISSION LINK
https://luthfafoundation.org/admissions/

OUR RECRUITERS

All Mining Engg. students got their PDPT training at ECL, which is conducted by BOPT

Campus : P.O. - Molandighi, P.S. - Kanksa, Durgapur, Paschim Bardhaman, 713212 (W.B)
Email Id : admissionluthfa@gmail.com / Website : www.lpi.ac.in & www.lpiti.ac.in
Phone No. - 8170061232 / 9831391671 / 8170061230 / 8336917478

পঞ্জাব নैशनल बैंक punjab national bank
...भरोसे का प्रतीक ! ...the name you can BANK upon!

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি): পুরুলিয়া
এআরএমবি পুরুলিয়া, রাজা বাঁধ পাড়া, শশধর গাঙ্গুলী রোড, পুরুলিয়া (পশ্চিমবঙ্গ) – ৭২৩১০১
ই-মেল: CS8301@PNB.BANK.IN

ই-অকশন সেল নোটিস

এসআই (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর বিধানাবলির সহিত পঠিত রুল ৮(৬)-এর বিধানাবলি এবং সারফেইসি অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পৎ বিক্রয়ের জন্য ই অকশন সেল নোটিস

সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করিয়া ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারেন্টর(গণ)-কে এতদ্দ্বারা নোটিস দেওয়া হইতেছে যে, অত্র নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি জামিনযুক্ত পাওনাদার-এর নিকট রেহানাবদ্ধ/চার্জযুক্ত রহিয়াছে, যাহার কনস্ট্রাক্টিভ/বাস্তবিক/প্রতীকী দখল ব্যাঙ্কের অনুমোদিত অফিসার/জামিনযুক্ত পাওনাদার কর্তৃক লওয়া হইয়াছে এবং উহা নিম্নে বর্ণিতমতো সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ ও গ্যারেন্টরগণ-এর নিকট হইতে ব্যাঙ্ক/জামিনযুক্ত পাওনাদারের নিকট বকেয়া উশুলের নিমিত্ত অত্র নিদ্রোক্ত সারণি-তে উল্লেখিত তারিখে **"যেখানে যে অবস্থায় আছে"**, **"যেখানে যাহা কিছু আছে"** এবং **"যেখানে যেরূপ প্রকার আছে"** ভিত্তিতে বিক্রয় করা হইবে। সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের জন্য সংরক্ষিত মূল্য ও বায়না জমার পরিমাণ নীচের সারণিতে উল্লেখ করা হইল।

ই-অকশনের তারিখ/সময়: ২৩.০৬.২০২৬, বেলা ১১.০০টা হইতে বিকাল ০৪.০০টা পর্যন্ত এবং ইএমডি দাখিলের শেষ তারিখ: ২৩.০৬.২০২৬, বেলা ১০.৫৯টা পর্যন্ত।
এআরএমবি, পুরুলিয়া, শ্রী মুকেশ কুমার, চিফ ম্যানেজার (অনুমোদিত অফিসার), মোবাইল নং ৮৭৮৯৯৩৬৭৭১।
ই-অকশন কালেকশন এ/সি-এর বিবরণ: অ্যাকাউন্টের নাম – আরটিজিএস-ইন্টারব্যাঙ্ক অ্যাকাউন্ট, এ/সি 83010037118A, (আইএফএসসি – PUNB0830100)

জামিনযুক্ত পরিসম্পদের তফশিল

ক্রম নং	ব্রাঞ্চের নাম / অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহীতা/গ্যারেন্টরগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকীকৃত স্থাবর সম্পত্তির বিবরণ/মালিকের নাম (সম্পত্তি(সমূহ)-এর বন্ধকদাতাগণ)	(ক) সারফেইসি অ্যাক্ট ২০০২-এর ১৩(২) ধারা অধীনে ডিমান্ড নোটিসের তারিখ (খ) বকেয়া অর্থের পরিমাণ, ... তারিখমতো (গ) সারফেইসি অ্যাক্ট ২০০২-এর ১৩(৪) ধারা অধীনে দখলের তারিখ (ঘ) দখলের ধরন প্রতীকী/বাস্তবিক	(ক) সংরক্ষিত মূল্য (লক্ষ টাকায়) (খ) বায়না জমা (গ) ডাক বৃদ্ধির পরিমাণ
১।	কোতুলপুর ব্রাঞ্চ (০৫৫৪২০) শ্রী অসীম ঘোষ ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: শ্রী অসীম ঘোষ, পিতা শ্রী নিধনাথ ঘোষ গ্যারেন্টর: শ্রীমতী সোনালী ঘোষ, স্বামী শ্রী অসীম ঘোষ সকলের ঠিকানা: গ্রাম- গোপীনাথপুর, পোঃঅঃ ও থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া - ৭২২১৬১ (পশ্চিমবঙ্গ)	"নিম্নোক্তের সমগ্র অবিভেদ্য অংশ, জমি ও বিল্ডিং, রেজিস্টার্ড দলিল নং ৫৮৯/২০১৯, জে.এল. নং ১৩৯, আর.এস. নং ১০৫৮, দাগ নং ১৩৪১, এল.আর. খতিয়ান নং ৮৮৭, বর্তমানে এল.আর. খতিয়ান নং ৩১৩২, আয়তন ০.০৬০ একর, ঠৌজি নং ১৯, অবস্থান: মৌজা- গোপীনাথপুর, পোঃঅঃ কোতুলপুর, গ্রাম পঞ্চায়েত- কোতুলপুর, থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া, শ্রী অসীম ঘোষ, পিতা শ্রী নিধনাথ ঘোষ-এর নাম, নিম্নোক্ত অ্যাকাউন্টে: শ্রী অসীম ঘোষ ও শ্রীমতী সোনালী ঘোষ।" চৌহদ্দি: উত্তরে: সমীর সাঁতরা ও অন্যান্যদের জমি, দক্ষিণে: লালবাজার মোড় হইতে চাতড়া মোড়/কোতুলপুর পঞ্চায়েত রোড তদপরে থাল, পূর্বে: পরীবালা চন্দ্র ও অন্যান্যদের খালি জমি, পশ্চিমে: তারকনাথ ঘোষ ও অন্যান্যদের জমি ও বিল্ডিং। ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ৩০.০৯.২০২২ (খ) টাঃ ২৪,৬৯,৯৮৩.৯৪ (০৪.০৩.২০২২ তারিখমতো), তৎসহ ০৪.০৩.২০২২ তারিখ হইতে ঠিকাচুক্তি হাতে আরও সুদ, উশুল বাদে (যদি থাকে) তদুপরি অন্যান্য চার্জ। (গ) ১৯.০১.২০২৩ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ৪৯.৮৯ লক্ষ (খ) টাঃ ৪.৯৯ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
২।	কোতুলপুর ব্রাঞ্চ (০৫৫৪২০) মেঃ মাসিন অ্যান্ড ফার্নিচার ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: শেখ মাসিন আলি, পিতা শেখ বাহার আলি গ্যারেন্টর: শ্রীমতী সাকিলা বেগম, স্বামী শেখ মহসিন আলি এবং শ্রী কাশেম খান, পিতা নাজেম আলি খান সকলের ঠিকানা: গ্রাম- কৃষ্ণনগর (পাটপুর), পোঃঅঃ সিহর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ - ৭২২১৬১	"নিম্নোক্তের সমগ্র অবিভেদ্য অংশ, জমি ও বিল্ডিং, রেজিস্টার্ড দলিল নং ১১১২/২০০৯, তারিখ ০৫.০৬.২০০৯, জে.এল. নং ১৩৩, এস.আর. দাগ নং ৬৯৬, এল.আর. দাগ নং ৭০০, আয়তন ০৪ ডেসিমেল, অবস্থান: মৌজা- পাটপুর, এ.ডি.এস.আর. কোতুলপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, শেখ মহসিন আলি, পিতা শেখ বাহার আলি-এর নাম।" ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ০২.০৭.২০১৯ (খ) টাঃ ৪৭,৯৩,৫৪৭.৮৮ (০২.০৭.২০১৯ তারিখমতো), তৎসহ ০১.০৭.২০১৯ তারিখ হইতে ঠিকাচুক্তি হাতে আরও সুদ, উশুল বাদে (যদি থাকে) তদুপরি অন্যান্য চার্জ। (গ) ০৭.০৯.২০২১ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ২২.৩৮ লক্ষ (খ) টাঃ ২.২৪ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৩।	কোতুলপুর ব্রাঞ্চ (০৫৫৪২০) শ্রী আসমীর আলি ভুঁইয়া ঋণগ্রহীতা: আসমীর আলি ভুঁইয়া গ্যারেন্টর ও বন্ধকদাতা: শ্রীমতী মনিফা বিবি, স্বামী শ্রী আসমীর আলি ভুঁইয়া। সকলের ঠিকানা: গ্রাম- সাহানা রঘুনাথপুর, বালিখা, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ- ৭২২১৭২	"নিম্নোক্তের সমগ্র অবিভেদ্য অংশ, জমি ও বিল্ডিং, দলিল নং ৭০০/২০১৯, তারিখ ১১.০৪.২০১৯, আয়তন ০.০৩০ একর বাস্তু, অবস্থান: মৌজা- শিরোমনিপুর, জে.এল. নং ১৭৩, এল.আর. খতিয়ান নং ৪৭৬, প্লট/দাগ নং ৪৮৬, এ.ডি.এস.আর. কোতুলপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, শ্রীমতী মনিফা বিবি, স্বামী শ্রী আসমীর আলি ভুঁইয়া-এর নামে।" চৌহদ্দি: উত্তরে: মোসলেম মিদ্যার জমি, দক্ষিণে: রাজাব আলি খান-এর জমি, পূর্বে: মাজার, পশ্চিমে: ১৭ ফুট চওড়া রাস্তা। ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ০৫.১০.২০১৯ (খ) ০৬.১১.২০২৩ (গ) টাঃ ১৪,১১,৮৪৭.৫০ (১৫.১০.২০১৯ তারিখমতো) তৎসহ ১৬.১০.২০১৯ তারিখ হইতে ঠিকাচুক্তি হাতে আরও সুদ, উশুল বাদে (যদি থাকে) তদুপরি অন্যান্য চার্জ। (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ৩৩.০৫ লক্ষ (খ) টাঃ ৩.৩০ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৪।	কোতুলপুর ব্রাঞ্চ (০৫৫৪২০) মেঃ সৈকত ইসলাম ঋণগ্রহীতা ও জামিনদাতা: শ্রী সৈকত ইসলাম, পিতা সৈদুল ইসলাম, গ্রাম- কৃষ্ণনগর, পোঃঅঃ সিহর, থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ- ৭২২১৬১ (গ্যারেন্টর/বন্ধকদাতাগণ): (১) শেখ নূরুল ইসলাম, পিতা আছিয়া মহম্মদ (২) সইফুল ইসলাম, পিতা আছিয়া মহম্মদ। (৩) মরিদুল ইসলাম, পিতা আছিয়া মহম্মদ। (৪) সৈদুল ইসলাম, পিতা আছিয়া মহম্মদ। (৫) হালিমা বেগম, স্বামী সৈদুল ইসলাম। (৬) সৈকত ইসলাম, পিতা সৈদুল ইসলাম। ১ ইইতে ৬ সকলের ঠিকানা: গ্রাম- লম্বাডোল, পোঃঅঃ সিহর, থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ - ৭২২১৯৯ গ্যারেন্টর/বন্ধকদাতা: সইফুল ইসলাম, পিতা আছিয়া মহম্মদ, বি.এ.-৩৯, রাজডাঙ্গা ১০৮, শান্তি পল্লী, শরৎ পার্ক, ই.কে.টি. সার্কাস অ্যাভেনিউ, পোঃঅঃ ই.কে.টি., কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০১০৭	"নিম্নোক্তের সমগ্র অবিভেদ্য অংশ, আবাসিক জমি ও বিল্ডিং, অবস্থান: গ্রাম ও মৌজা- লম্বাডোল (পোঃঅঃ সিহর), আয়তন ৭.০০ ডেসিমেল, জে.এল. নং ১৩১, খতিয়ান নং ৬৯০, প্লট/দাগ নং এল.আর. ৭৬৪, থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ - ৭২২১৬১, সৈদুল ইসলাম, পিতা- আছিয়া মহম্মদ-এর নামে, বিক্রয় দলিল নং ৯৭, বর্ষ ১৯৯৭ (২৭.০১.১৯৯৭), সাব-রেজিস্ট্রার, কোতুলপুর অফিসে পৃষ্ঠা নং ৪১ হইতে ৪৪-তে নিবন্ধিত।" চৌহদ্দি: উত্তরে: সৈদুল ইসলাম ও শাজেক মহল এবং অন্যান্যদের খালি জমি, দক্ষিণে: নূরুল ইসলাম ও অন্যান্যদের খালি জমি, পূর্বে – জাহারামবাটি-বদনগঞ্জ পি.ডব্লিউ.ডি. রোড, তদপরে বড় পুকুর, পশ্চিমে: সামসুল হোদা ও অন্যান্যদের খালি জমি।" ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ০১.১১.২০২৩ (খ) টাঃ ৮৭,৯৭,৭৭৬.১১ (১৮.১১.২০২৩ তারিখমতো) তৎসহ ৩১.১০.২০২৩ তারিখ হইতে ঠিকাচুক্তি হাতে আরও সুদ, উশুল বাদে (যদি থাকে) তদুপরি অন্যান্য চার্জ। (গ) ১৫.০৫.২০২৪ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ৫১.৮৫ লক্ষ (খ) টাঃ ৫.১৮ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৫।	কদমডাঙ্গা (১০২১১০) রূপা পান ঋণগ্রহীতা/গ্যারেন্টর/বন্ধকদাতা: শ্রীমতী রূপা পান, স্বামী পিন্টু কুমার পান, দুর্গাপুর বাইপাস রোড, লালবাজার, পোঃঅঃ ও থানা- বাঁকুড়া, জেলা- বাঁকুড়া - ৭২২১০১ শ্রীমতী রূপা পান, স্বামী শ্রী পিন্টু কুমার পান, অভিষেক অ্যাসোসিয়েটস, আর.সি.-৩৯, উর্বশী আড্ডা, ফেজ-II, সিটি সেন্টার, দুর্গাপুর, পশ্চিমবঙ্গ - ৭১৩২১৯ শ্রী সঞ্জিত ব্যানার্জী, কোয়ার্টার নং বি১, ৮৯/১, ডি.কে. নগর, দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন, পশ্চিম বর্ধমান - ৭১৩৩১০	"নিম্নোক্তের সমগ্র অবিভেদ্য অংশ, জমি ও বিল্ডিং, রেজিস্টার্ড দলিল নং ১৯৮৯/২০১৬, জে.এল. নং ১০৩, প্লট নং ৫৬৬, খতিয়ান নং ৯৪৭/১, আয়তন ০.০৪ একর, অবস্থান: মৌজা- চন্দ্রকোণা, থানা- চন্দ্রকোণা, জেলা- পশ্চিম মেদিনীপুর, শ্রী পিন্টু কুমার পান, পিতা আনন্দ মোহন পান-এর নামে।" চৌহদ্দি: উত্তরে: শ্রী তপন জানা-এর বিল্ডিং, দক্ষিণে: শ্রী প্রীতেন কারক-এর বিল্ডিং, পূর্বে: অন্যান্যদের খালি জমি, পশ্চিমে: ১৯ ফুট মিউনিসিপ্যালিটি রোড।" ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ২৭.০১.২০২২ (খ) ১১.০৭.২০২১ (গ) টাঃ ১৯,৪৪,৪৮৮.১০ (৩১.০৮.২০২১ তারিখমতো) তদুপরি ভবিষ্যৎ সুদ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ২২.৯৮ লক্ষ (খ) টাঃ ২.২৯ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৬।	কদমডাঙ্গা বিকনা (১০২১১০) মেঃ আছা ঋণগ্রহীতা ও জামিনদাতা: শ্রী সুব্রত কুমার পাত্র, পিতা ভুজঙ্গ ভূষণ পাত্র গ্যারেন্টর: শ্রী ভুজঙ্গ ভূষণ পাত্র সকলের ঠিকানা: গ্রাম- পরাশিডাঙ্গা, পোঃঅঃ ছিরিজি, থানা ও জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ - ৭২২১০২	"নিম্নোক্তের সমগ্র অবিভেদ্য অংশ, জমি ও বিল্ডিং, রেজিস্টার্ড দলিল নং I-০০১১/২০১৭, জে.এল. নং ১৮৮, প্লট নং ৫০৩ ও ৫১১, খতিয়ান নং ৫১, আয়তন ০.০৪০ একর, অবস্থান: মৌজা- গয়েরবনি, পোঃঅঃ ছিরিজি, থানা- খাতরা, জেলা- বাঁকুড়া, শ্রী সুব্রত কুমার পাত্র, পিতা শ্রী ভুজঙ্গ ভূষণ পাত্র-এর নামে, নিম্নোক্তের অ্যাকাউন্টে: মেঃ আছা, ঋণগ্রহীতারা: শ্রী সুব্রত কুমার পাত্র।" চৌহদ্দি: উত্তরে: প্রভাত পাত্র-এর এককলা বিল্ডিং, দক্ষিণে: জ্ঞানরঞ্জন পাত্র-এর দ্বিতল বিল্ডিং, পূর্বে: ১৯ ফুট চওড়া রাস্তা, পশ্চিমে: মালিকের খালি জমি।" ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ২৩.০৪.২০২৪ (খ) টাঃ ১৪,৪৭,৪০৬.৫২ (৩১.০৫.২০২৪ তারিখমতো) তৎসহ ০১.০৪.২০২৪ তারিখ হইতে ঠিকাচুক্তি হাতে আরও সুদ, উশুল বাদে (যদি থাকে) তদুপরি অন্যান্য চার্জ। (গ) ০৭.০৮.২০২৪ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ৪০.৮৩ লক্ষ (খ) টাঃ ৪.০৮ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৭।	আত্রা (০৩২৪১০) মেঃ মিত্র ডিস্ট্রিবিউটর ঋণগ্রহীতারা ও জামিনদাতা: শ্রী শুভঙ্কর মিত্র, পিতা তারাপদ মিত্র গ্যারেন্টর/বন্ধকদাতা: শ্রীমতী শম্পা মিত্র, স্বামী শ্রী শুভঙ্কর মিত্র সকলের ঠিকানা: ডি.ডি.সি. মোড়, কাঞ্চারাদুনি, আত্রা, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ- ৭২৩১২১	"নিম্নোক্তের সমগ্র অবিভেদ্য অংশ, বাস্তু জমির আয়তন ৫.০০ ডেসিমেল জমি এবং তদপরে অবস্থিত বিল্ডিং, আর.এস. এল.আর. প্লট নং ৭০৩, আর.এস./এল.আর. খতিয়ান নং ৫১০ (রূপান্তর অনুযায়ী), আর.এস. খতিয়ান নং ১৪, জে.এল. নং ২২, অবস্থান: মৌজা- কাঞ্চারাদুনি, পলাশকোলা, ডি.ডি.সি. মোড়, আত্রা, আশীর্বাদ মেডিকাল হলের নিকটে, থানা- কাশীপুর, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ - ৭২৩১২১। সম্পত্তি শ্রীমতী শম্পা মিত্র, স্বামী শ্রী শুভঙ্কর মিত্র-এর নামে, রেজিস্টার্ড দলিল নং ৫৩৫/২০০৩, তারিখ ১৯.০৭.২০০৩, বহি নং- I, ভলিউম নং- ৬, পৃষ্ঠা নং ১৫৭-১৬৯, এ.ডি.এস.আর. কাশীপুর, পুরুলিয়াতে নিবন্ধিত এবং কনভার্সন কেস নং ১৯/৯০১৭ ও মিউটেশন নং ৪৮/৯০০৩-এর আওতাভুক্ত।" সম্পত্তির চৌহদ্দি: উত্তরে: ৫ ফুট চওড়া রাস্তা, দক্ষিণে: ১৬ ফুট চওড়া রাস্তা, পূর্বে: মণরাম কর্মকার-এর বিল্ডিং, পশ্চিমে: বিজয় কর্মকার-এর দ্বিতল বিল্ডিং। ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ৩০.০৯.২০২৪ (খ) টাঃ ৬৮,৪৭,৭১৩.১০ (৩০.০৯.২০২৪ তারিখমতো) তৎসহ ০১.১০.২০২৪ তারিখ হইতে ঠিকাচুক্তি হাতে আরও সুদ উশুল বাদে (যদি থাকে) তদুপরি অন্যান্য চার্জ। (গ) ২৭.১১.২০২৪ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ৬৪.৭৯ লক্ষ (খ) টাঃ ৬.৪৭ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৮।	পুরুলিয়া (০১৯১২০) শ্রী জগীরাথ মাঝি ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: শ্রী জগীরাথ কুমার গ্যারেন্টর: শ্রীমতী মাধুরী কুমার সকলের ঠিকানা: গ্রাম- করণডিহি, পোঃঅঃ ও থানা- আর্শা, জেলা- পুরুলিয়া, পিন- ৭২৩১১৬	"নিম্নোক্তের সমগ্র অবিভেদ্য অংশ, জমি ও বিল্ডিং, রেজিস্টার্ড দলিল নং I-০০০৪/২০০৯, জে.এল. নং ৪৯, আর.এস. খতিয়ান নং ১১৬, এল.আর. খতিয়ান নং ৯৭, আর.এস. প্লট নং ২২১৭, আয়তন ২.৭৫ ডেসিমেল বাস্তু জমি, অবস্থান: মৌজা- করণ